

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা ।

বিআরপিডি সার্কুলার লেটার নং- ০৪

চৈত্র ২১, ১৪২৪
তারিখ : -----
এপ্রিল ৪, ২০১৮

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক ।

প্রিয় মহোদয়,

**Reducing Rate of Interest against Loans to Ship Building Industry
of Bangladesh and Providing Long Term Repayment Facility.**

শিরোনামোক্ত বিষয়ে অর্থ মন্ত্রণালয়, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, নীতি ও আর্থিক প্রণোদনা শাখা এর ফেব্রুয়ারী ৮, ২০১৮ তারিখের পত্র নং-৫৩.০০.০০০০.৩৩১.৩৬.০০৭.১৮-৪০ এবং মার্চ ২৫, ২০১৮ তারিখের পত্র নং-৫৩.০০.০০০০.৩৩১.৩৬.০০৭.১৮-৮৮ (কপি সংযুক্ত) এর প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক পত্রদ্বয়ে বর্ণিত নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করার জন্য আপনাদেরকে পরামর্শ দেয়া যাচ্ছে ।

এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে ।

সংযুক্তিঃ বর্ণনামতে ।

আপনাদের বিশ্বস্ত,



(আবু ফরাহ মোঃ নাছের)

মহাব্যবস্থাপক

ফোন: ৯৫৩০২৫২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
নীতি ও আর্থিক প্রণোদনা শাখা
www.fid.gov.bd

নথি নম্বর-৫৩.০০.০০০০.৩৩১.৩৬.০০৭.১৮-৪০

২৬ মাঘ ১৪২৪
তারিখঃ -----
০৮ ফেব্রুয়ারি ২০১৮

বিষয়: বাংলাদেশের জাহাজ নির্মাণ শিল্পের জন্য বিনিয়োগকৃত মূলধনের বিপরীতে প্রদেয় উচ্চ সুদের হার কমানো এবং দীর্ঘমেয়াদে পরিশোধের সুযোগ দিয়ে দীর্ঘস্থায়ী অর্থনৈতিক উন্নয়নে সহায়তা প্রদান।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশের জাহাজ নির্মাণ শিল্পের জন্য বিনিয়োগকৃত মূলধনের বিপরীতে প্রদেয় উচ্চ সুদের হার কমানো এবং দীর্ঘমেয়াদে পরিশোধের সুযোগ দিয়ে দীর্ঘস্থায়ী অর্থনৈতিক উন্নয়নে সহায়তা প্রদানের বিষয়ে আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সিনিয়র সচিব মহোদয়ের সভাপতিত্বে নৌ পরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ ব্যাংক, বাংলাদেশ সিকিউরিটি এন্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি), সোনালী ব্যাংক লিঃ (রাষ্ট্রমালিকানাধীন ব্যাংকের পক্ষে ঋণদানকারী প্রতিষ্ঠান), মিউচুয়াল ট্রাস্ট ব্যাংক লিঃ (এ্যাসোসিয়েশন অব ব্যাংকার্স বাংলাদেশ লিমিটেড এর প্রতিনিধি) এবং জাহাজ নির্মাণ শিল্প সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রতিনিধিদের নিয়ে ০৩-০১-২০১৮ তারিখে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের মধ্যে মাননীয় অর্থমন্ত্রী নিম্নবর্ণিত সিদ্ধান্ত অনুমোদন করেন:

৬(ক) নিয়মিতভাবে জাহাজ নির্মাণ ও রপ্তানীতে নিয়োজিত শীপ ইয়ার্ডগুলোকে তারল্য সংকট মোকাবেলায় আবেদন প্রাপ্তি সাপেক্ষে সকল ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত সকল প্রকার মূলধন ঋণের সুদাসল ৩১ ডিসেম্বর, ২০১৭ ভিত্তিক হিসাবায়ন করে কোন ডাউনপেমেন্ট গ্রহণ ব্যতিরেকে ৩ বছরের মরেটারিয়াম (Breathing time) সময় মঞ্জুরকরণ পূর্বক পরবর্তী ১০(দশ) বছরে ত্রৈমাসিক কিস্তিতে পরিশোধের লক্ষ্যে পৃথক ব্লক একাউন্ট সৃষ্টি করা যেতে পারে। সংশ্লিষ্ট ব্যাংক ও অন্যান্য আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক ইতোপূর্বে প্রদত্ত ঋণের সুদবাহী পুনঃতফশীলকরণের দায়সমূহও বর্ণিত সুবিধার আওতায় পরিশোধযোগ্য মর্মে বিবেচনা করা যেতে পারে।

০২। বর্ণিতাবস্থায়, উপরোক্ত সিদ্ধান্তের উপর আগামী ৩০ মার্চ ২০১৮ তারিখের মধ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


২.২.২০১৮

(মৃত্যুঞ্জয় সাহা)

উপসচিব

ফোন-৯৫৯২৪৫০

ই-মেইলঃ fid.niti@gmail.com

গভর্নর

বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।



উপস্থাপন নম্বর-৯৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
নীতি ও আর্থিক প্রণোদনা শাখা
www.fid.gov.bd

১১ চৈত্র ১৪২৪

নথি নম্বর-৫৩.০০.০০০০.৩৩১.৩৬.০০৭.১৮-৬৬


তারিখঃ -----

২৫ মার্চ ২০১৮

বিষয়: বাংলাদেশের জাহাজ নির্মাণ শিল্পের জন্য বিনিয়োগকৃত মূলধনের বিপরীতে প্রদেয় উচ্চ সুদের হার কমানো এবং দীর্ঘমেয়াদে পরিশোধের সুযোগ দিয়ে দীর্ঘস্থায়ী অর্থনৈতিক উন্নয়নে সহায়তা প্রদান।

সূত্র নং: বাংলাদেশ ব্যাংকের পত্র নং: বিআপিডি(পি-১)/৬৬১/১৩(গ)/২০১৮-১৬৫৪ তারিখ: ০৮.০৩.২০১৮

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, বাংলাদেশের জাহাজ নির্মাণ শিল্পের জন্য বিনিয়োগকৃত মূলধনের বিপরীতে প্রদেয় উচ্চ সুদের হার কমানো এবং দীর্ঘমেয়াদে পরিশোধের সুযোগ দিয়ে দীর্ঘস্থায়ী অর্থনৈতিক উন্নয়নে লক্ষ্যে দেশের জাহাজ নির্মাণ ও রপ্তানীতে নিয়োজিত শিপ ইয়ার্ডগুলোর জন্য ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক সৃষ্ট ব্লক একাউন্ট সুদবাহী হিসেবে গণ্য করা যেতে পারে। তবে সুদের হার সহজ/নমনীয় হওয়া বাঞ্ছনীয়।



(মৃত্যুঞ্জয় সাহা)

উপসচিব

ফোন-৯৫৯২৪৫০

ই-মেইলঃ fid.niti@gmail.com

গভর্নর

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা।

অনুলিপি: ১। মাননীয় অর্থমন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়।

২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

